



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-রেজিঃ/২৮(৬)/৫/১৭৫

তারিখ: ১২ মার্চ, ২০২৫

নিয়োগ বিজ্ঞপ্তি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এ প্রকৌশল দপ্তরে সহকারী প্রকৌশলী (সিভিল) এর ০১(এক)টি পদে লোক নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

বেতন স্কেল : ২২০০০-৫৩০৬০/=(গ্রেড-৯)

বয়স : সর্বোচ্চ ৩২ বছর

আবেদনের শেষ তারিখ : ০১ এপ্রিল, ২০২৫

আবেদনের প্রক্রিয়া


প্রার্থীকে career.sust.edu তে প্রয়োজনীয় তথ্যাদি প্রদান করে প্রথমে প্রোফাইল তৈরি করে অবশ্যই অনলাইনে আবেদন করতে হবে। অফলাইনে/সরাসরি আবেদন গ্রহণযোগ্য নয়। অনলাইনে আবেদনের সময় যেসব বিষয় আপলোড করতে হবে :


(ক) সকল সনদপত্র/প্রশংসাপত্রের স্ক্যান করা পিডিএফ কপি (খ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি (৩০০/৩০০ পিক্সেল)
(গ) চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র (ঘ) উক্ত পদের জন্য ৬০০/=(ছয়শত) টাকা নির্ধারিত ফি (সব ধরণের চার্জ ব্যতিত) অনলাইনে আবেদনের সময় পরিশোধ করতে হবে (ঙ) জাতীয় পরিচয়পত্রের স্ক্যান করা পিডিএফ কপি কিংবা জাতীয় পরিচয়পত্র না থাকলে জন্মনিবন্ধন সনদের স্ক্যান করা পিডিএফ কপি (চ) প্রার্থীর স্বাক্ষর (৩০০/৮০ পিক্সেল) (ছ) প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার প্রমাণপত্র।

যোগ্যতা ও অভিজ্ঞতা সংক্রান্ত:

যোগ্যতা ও অভিজ্ঞতার কপি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.sust.edu থেকে ডাউনলোড করা যাবে অথবা career.sust.edu এ 'বিস্তারিত দেখুন' অপশনের নিচের অংশে 'প্রকাশিত বিজ্ঞপ্তি' পাওয়া যাবে। ভুল তথ্য সম্বলিত/তথ্য গোপন/ক্রেটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবেন না। সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

আভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধি বিধান প্রযোজ্য হবে।


(সৈয়দ হালিম মোহাম্মদ আব্দুল কাদির)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)


২২/৬/২০২৫



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-রেজিঃ/২৮(৬)/৫/১৬

তারিখ: ১২ মার্চ, ২০২৫

সহকারী প্রকৌশলী (সিভিল)

প্রার্থীর সিভিল ইঞ্জিনিয়ারিং এ স্নাতক ডিগ্রি অথবা ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ থেকে এ.এম.আই.ই. পরীক্ষায় সেকশন 'এ' ও 'বি' পাশ থাকতে হবে।

অথবা

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক স্বীকৃত পলিটেকনিক ইনস্টিটিউট থেকে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ০৩(তিন) বছর মেয়াদী ডিপ্লোমাসহ কোন বিশ্ববিদ্যালয়/সরকারী/আধাসরকারী/ স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিষয়ে উপ-সহকারী প্রকৌশলী বা সমমানের পদে (জাতীয় বেতন স্কেলের ১০নং হ্রেডভুক্ত পদে) ন্যূনতম ০৭(সাত) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে।

শিক্ষাজীবনে কোন পরীক্ষায় ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের গ্রেড গ্রহণ যোগ্য নয়।

বয়স : সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর।

(স্বাক্ষর)
১২/৩/২৫

(সৈয়দ ছকিম মোহাম্মদ আব্দুল কাদির)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

(স্বাক্ষর)
১২/৩/২৫